

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬৯

ছৈলেংটা, ২২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

লংতরাইভ্যালি মহকুমায় পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের অন্তর্গত লংতরাইভ্যালি মহকুমায় ৪৮-করমছড়া (এসটি), ৪৯-ছাওমনু (এসটি) বিধানসভা ক্ষেত্রের জন্য ভোটের কাজে নিযুক্ত কর্মীদের পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ প্রক্রিয়া আজ থেকে শুরু হয়েছে। আগামীকালও ভোটের কাজে নিযুক্ত কর্মীদের পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ করা হবে। আজ ৪৮-করমছড়া (এসটি) বিধানসভা ক্ষেত্রে ৪৯ জন এবং ৪৯-ছাওমনু (এসটি) বিধানসভা ক্ষেত্রে ৯২ জন ভোটের কাজে নিযুক্ত কর্মী পোস্টাল ব্যালটে ভোটাধিকার প্রয়োগ করেছেন। আজ সকাল ৯টা থেকে ভোটগ্রহণ প্রক্রিয়া শুরু হয় এবং চলে বিকাল ৫টা পর্যন্ত।
